# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৯৯

১/ বিবিধ

আরবী

إذا مات الرجل منكم فدفنتموه فليقم أحدكم عند رأسه، فليقل: يا فلان ابن فلانة! فإنه سيسمع، فليقل: يا فلان ابن فلانة! فإنه سيستوي قاعدا، فليقل: يا فلان ابن فلانة، فإنه سيقول: أرشدني أرشدني رحمك الله، فليقل: اذكر ما خرجت عليه من دار الدنيا: شهادة أن لا إله إلا الله وحده لا شريك له، وأن محمدا عبده ورسوله، وأن الساعة آتية لا ريب فيها، وأن الله يبعث من في القبور، فإن منكرا ونكيرا يأخذ كل واحد منهما بيد صاحبه ويقول له: ما تصنع عند رجل قد لقن حجته؟ فيكون الله حجيجهما دونه

منكر

أخرجه القاضي الخلعي في " الفوائد " (55 / 2) عن أبي الدرداء هاشم بن محمد الأنصاري: حدثنا عتبة بن السكن عن أبي زكريا عن جابر بن سعيد الأزدي قال: " دخلت على أبي أمامة الباهلي وهو في النزع، فقال لي: يا أبا سعيد إذا أنا مت فاصنعوا بي كما أمر رسول الله صلى الله عليه وسلم أن نصنع بموتانا فإنه قال: فذكره. قلت: وهذا إسناد ضعيف جدا، لم أعرف أحد منهم غير عتبة بن السكن، قال الدارقطني: " متروك الحديث " وقال البيهقي: " واه منسوب إلى الوضع ". والحديث أورده الهيثمي (3 / 45) عن سعيد بن عبد الله الأزدي قال
شهدت أبا أمامة ... الحديث
وقال: " رواه الطبراني في " الكبير " وفي إسناده جماعة لم أعرفهم
قلت: فاختلف في اسم الراوي عن أبي أمامة ففي رواية الخلعي أنه جابر بن سعيد

الأزدي وفي رواية الطبراني أنه سعيد بن عبد الله الأزدي، وهذا أورده ابن أبي حاتم (2 / 1 / 76) فقال: " سعيد الأزدي " لم ينسبه لأبيه، ولم يذكر فيه جرحا ولا تعديلا، فهو في عداد المجهولين، فالعجب من قول الحافظ في " التلخيص " (5 / 243) بعد أن عزاه للطبراني: " وإسناده صالح، وقد قواه الضياء في " أحكامه " وأخرجه عبد العزيز في " الشافي ". والراوي عن أبي أمامة سعيد الأزدي بيض له ابن أبي حاتم

فأنى لهذا الإسناد الصلاح والقوة وفيه هذا الرجل المجهول؟! بل فيه جماعة آخرون مثله في الجهالة كما يشير لذلك كلام الهيثمي السابق، وهذا كله إذا لم يكن في إسناد الطبراني عتبة بن السكن المتهم، وإلا فقد سقط الإسناد بسببه من أصله! وقد قال النووي في " المجموع " (5 / 304) بعد أن عزاه للطبراني: وإسناده ضعيف

وقال ابن الصلاح: ليس إسناده بالقائم ". وكذلك ضعفه الحافظ العراقي في " تخريج الإحياء " (4 / 420) وقال ابن القيم في " الزاد " (1 / 206) : " لا يصح رفعه

واعلم أنه ليس للحديث ما يشهد له، وكل ما ذكره البعض إنما هو أثر موقوف على بعض التابعين الشاميين لا يصلح شاهدا للمرفوع بل هو يعله، وينزل به من الرفع إلى الوقف، وفي كلمة ابن القيم السابقة ما يشير إلى ما ذكرته عند التأمل

على أنه شاهد قاصر إذ غاية ما فيه: " أنهم كانوا يستحبون أن يقال للميت عند قبره: يا فلان قل لا إله إلا الله، قل أشهد أن لا إله إلا الله (ثلاث مرات) ، قل: ربي الله، وديني الإسلام، ونبي محمد ". فأين فيه الشهادة على بقية الجمل المذكورة في الحديث مثل " ابن فلانة " و" أرشدني ... " وقول الملكين: " ما نصنع عند رجل

وجملة القول أن الحديث منكر عندي إن لم يكن موضوعا. وقد قال الصنعاني في " سبل السلام " (2 / 161) : " ويتحصل من كلام أئمة التحقيق أنه حديث ضعيف، والعمل به بدعة ولا يغتر بكثرة من يفعله ". ولا يرد هنا ما اشتهر من القول بالعمل بالحديث الضعيف في فضائل الأعمال، فإن هذا محله فيما ثبت مشروعيته بالكتاب أو السنة الصحيحة، أما ما ليس كذلك فلا يجوز العمل فيه بالحديث الضعيف، لأنه تشريع ولا يجوز ذلك بالحديث الضعيف، لأنه لا يفيد إلا الظن المرجوح اتفاقا فكيف

يجوز العمل بمثله؟! فليتنبه لهذا من أراد السلامة في دينه، فإن الكثيرين عنه غافلون.
نسأل الله تعالى الهداية والتوفيق

বাংলা

৫৯৯। তোমাদের কোন ব্যক্তি মারা গেলে, যখন তাকে দাফন করে ফেল তখন তোমাদের একজন তার মাথার নিকট দাড়িয়ে বলবেঃ হে উমুকের ছেলে উমুক কারণ অচিরেই শ্রবণ করবে। সে যেন বলেঃ হে উমুকের ছেলে উমুক! কারণ সে অচিরেই উঠে বসবে। সে যেন বলেঃ হে উমুকের ছেলে উমুক। কারণ সে অচিরেই বলবেঃ তুমি আমাকে সঠিক পথ দেখাও তুমি আমাকে সঠিক পথ দেখাও আল্লাহ তোমাকে দয়া করুন। সে যেন বলেঃ তুমি দুনিয়ার ঘর হতে যা নিয়ে বেরিয়ে এসেছ তুমি তা স্মরণ কর। সত্যিকার অর্থে আল্লাহ ছাড়া কোন মা’বুদ নেই। তিনি এক তাঁর কোন শরীক নেই এবং মুহাম্মাদ তার বান্দা ও তার রাসূল। কিয়ামত আগত তাতে কোন সন্দেহ নেই। আল্লাহ কবরবাসীকে উঠিয়ে আনবেন। কারণ মুনকার এবং নাকীর পরস্পরের হাত ধরে তাকে বলবেঃ কি করব সেই ব্যক্তির নিকট যাকে তার প্রমাণাদির তালকীন (শিক্ষা) দেয়া হয়েছে? ফলে তার নিকট আল্লাহ তা’আলা তাদের দু’জনের বাদানুবাদের কারণ হয়ে যাবেন।

হাদীছটি মুনকার।

এটি কাযী আল-খাল’ঈ "আল-ফাওয়ায়েদ" (২/৫৫) গ্রন্থে আবুদ দারদা হাশিম ইবনু মুহাম্মাদ আল-আনসারী হতে তিনি উতবাহ ইবনুস সাকান হতে তিনি আবু যাকারিয়া হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি নিতান্তই দুর্বল। এটির সনদের উতবা ইবনুস সাকান ব্যতীত অন্য কাউকে চিনি না। দারাকুতনী বলেনঃ মাতরূকুল হাদীছ। বাইহাকী বলেনঃ তিনি অত্যন্ত দুর্বল, তাকে জাল করার দোষে দোষী করা হয়।

হাদীছটি হায়ছামী (৩/৪৫) সাঈদ ইবনু আবদিল্লাহ আল-আযদী হতে বর্ণনা করে বলেছেনঃ এটিকে তাবারানী "আল-মুজামুল কাবীর" গ্রন্থে বর্ণনা করেছেন। যার সনদে একদল বর্ণনাকারী আছেন যাদেরকে আমি চিনি না।

ইমাম নাবাবী “আল-মাজমূ” (৫/৩০৪) গ্রন্থে বলেনঃ এটির সনদ দুর্বল। ইবনু সালাহ বলেনঃ সনদটি প্রতিষ্ঠিত নয়। অনুরূপভাবে হাফিয ইরাকীও “তাখরাজুল ইহইয়া” (৪/৪২০) গ্রন্থে দুর্বল আখ্যা দিয়েছেন। ইবনুল কাইয়িম “যাদুল মা’আদ" (১/২০৬) গ্রন্থে বলেনঃ মারফূ’ হিসাবে সহীহ নয়। হাদীছটির সাক্ষীমূলক কিছুই মিলে না।

মোটকথা হাদীছটি আমার নিকট জাল না হলেও মুনকার। সান’আনী “সুবুলুস সালাম” (২/১৬১) গ্রন্থে বলেনঃ ইমামদের ভাষ্য যা প্রমাণ করে তাতে এটি দুর্বল। এর উপর আমল করা বিদ’আত।

এ ছাড়া ফাযায়েলের ক্ষেত্রেও যে দুর্বল হাদীছের উপর আমল করা যাবে না এটিই সঠিক। (এ বিষয়ে প্রথম খণ্ডের ভূমিকাতে বিস্তারিত আলোচনা করা হয়েছে)।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71478

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন